



# HM Revenue & Customs

## ট্যাক্স চেক তথ্যপত্র

### কি পরিবর্তন হচ্ছে

ইংল্যান্ড এবং ওয়েলসে 2 অক্টোবর 2023 থেকে এবং স্কটল্যান্ড এবং উত্তর আয়ারল্যান্ডে 2 অক্টোবর 2023 থেকে নিম্নলিখিত লাইসেন্সগুলি নবায়ন করার জন্য আবেদন করার সময় আপনাকে এইচএম রাজস্ব এবং কাস্টমস (এইচএমআরসি) এর সাথে নতুন ট্যাক্স চেক সম্পূর্ণ করতে হবে:

- ট্যাক্সি এবং প্রাইভেট হায়ার চালকগণ
- প্রাইভেট হায়ার অপারেটরগণ
- বুকিং অফিসসমূহ
- স্ক্র্যাপ মেটাল ডিলার সাইটসমূহ
- মোবাইল বা ভ্রমণকারী স্ক্র্যাপ মেটাল সংগ্রাহকগণ

### কীভাবে পরিবর্তনগুলি আপনাকে প্রভাবিত করতে পারে

আপনাকে যা করতে হবে তা নির্ভর করবে আপনি প্রথমবার লাইসেন্সের জন্য আবেদন করছেন কিনা বা আপনি পরবর্তী আবেদন করছেন কিনা এর উপর, যেমন একটি লাইসেন্স নবায়ন।

**একটি নতুন লাইসেন্স পাওয়া** আপনি যদি প্রথমবার লাইসেন্সের জন্য আবেদন করেন, তাহলে আপনাকে ট্যাক্স চেক সম্পূর্ণ করতে হবে না। কিন্তু, লাইসেন্সিং সংস্থাগুলি ভবিষ্যতে ট্যাক্সের জন্য সঠিকভাবে নিবন্ধিত হওয়ার জন্য আপনাকে কী করতে হবে তা জানার জন্য আপনাকে এইচএমআরসি-র নির্দেশিকা পড়তে বলবে এবং আপনাকে নিশ্চিত করতে হবে যে আপনি এটি করেছেন।

**একটি লাইসেন্স নবায়ন করা** আপনি যদি নবায়ন করেন অথবা একটি ভিন্ন লাইসেন্সিং সংস্থার অধীনে পরবর্তী লাইসেন্সের জন্য আবেদন করেন, তাহলে আপনাকে একটি ট্যাক্স চেক করতে হবে। আপনি আপনার গভর্নমেন্ট গেইটওয়ে একাউন্ট এর মাধ্যমে GOV.UK -এ ট্যাক্স চেক সম্পূর্ণ করতে পারেন। আপনার যদি ইতিমধ্যে একটি গভর্নমেন্ট গেইটওয়ে একাউন্ট না থাকে, তাহলে আপনার লাইসেন্স নবায়ন করার আগে একটি একাউন্ট খুলা উচিত।

### ট্যাক্স চেক সম্পর্কে কিছু কথা

ট্যাক্স চেক করতে মাত্র কয়েক মিনিট সময় লাগবে এবং আপনার লাইসেন্সকৃত ট্রেড থেকে উপার্জন করা আয়ের উপর কোনো ট্যাক্স পরিশোধ করার থাকলে আপনি কীভাবে তা প্রদান করেন সে কথা এইচএমআরসি-কে জানাতে আপনাকে মাত্র কয়েকটি প্রশ্নের উত্তর দিতে হবে। GOV.UK -তে দিকনির্দেশিকা থাকবে এবং যেকোন কারো অতিরিক্ত সহায়তার প্রয়োজন হলে এইচএমআরসি-এর গ্রাহক হেল্পলাইনের মাধ্যমে টেলিফোনযোগে ট্যাক্স চেক সম্পূর্ণ করতে পারবে।

আপনি যখন ট্যাক্স চেক সম্পূর্ণ করবেন তখন আপনি একটি কোড পাবেন। আপনাকে অবশ্যই এই কোডটি আপনার লাইসেন্সিং সংস্থাকে দিতে হবে। লাইসেন্সিং সংস্থা ট্যাক্স চেক সম্পূর্ণ না হওয়া পর্যন্ত এবং কোডটি না পাওয়া পর্যন্ত আপনার লাইসেন্স নবায়নের আবেদনের ব্যাপারে অগ্রসর হতে পারবে না।

আপনার লাইসেন্সিং সংস্থা শুধুমাত্র এইচএমআরসি থেকে নিশ্চিত হতে পারবে যে আপনি ট্যাক্স চেক সম্পূর্ণ করেছেন, কিন্তু আপনার ট্যাক্সসংক্রান্ত তথ্যে তাদের প্রবেশ থাকবে না।

## আপনাকে যা করতে হবে।

যদি আপনি আপনার লাইসেন্সকৃত ট্রেড থেকে আয়ের উপর ট্যাক্স দিতে নিবন্ধিত না হন, অনুগ্রহ করে GOV.UK -এ যান আপনার যত তাড়াতাড়ি সম্ভব নিবন্ধন করতে হবে কিনা তা পরীক্ষা করতে:

- আপনি একজন কর্মচারী হয়ে থাকলে, GOV.UK -তে যেয়ে এবং 'কিভাবে আপনার আয় কর পরিশোধ করবেন' ('How to pay income tax') অংশে পে এজ্ ইউ আর্ন (PAYE) সম্পর্কে তথ্য খুঁজুন:
- আপনি স্ব-নিযুক্ত হয়ে থাকলে, GOV.UK -তে যেয়ে এবং 'সেলফ-এসেসমেন্টের জন্য নিবন্ধন করুন' (Register for Self-Assessment) অংশে সেলফ-এসেসমেন্টের (স্ব-মূল্যায়নের) জন্য নিবন্ধন সম্পর্কিত তথ্য খুঁজুন:
- আপনি যদি কোনো কোম্পানির মাধ্যমে কাজ করেন, তাহলে GOV.UK -তে যেয়ে এবং 'করপোরেশন ট্যাক্স' (Corporation Tax) অংশে করপোরেশন ট্যাক্স সম্পর্কে তথ্য খুঁজুন:

যদি ট্যাক্স দেওয়ার জন্য আপনার নিবন্ধিত হওয়া উচিত ছিল এমন হয় এবং তা না করা হয়ে থাকে, তাহলে এইচএমআরসি আপনার সাথে দ্রুত এবং পেশাগতভাবে কাজ করবে আপনাকে সঠিক পথে ফিরিয়ে আনতে। আপনার ট্যাক্স ঠিক করা আপনার দায়িত্ব, তবে এইচএমআরসি সাহায্য করার জন্য এখানে রয়েছে।

আপনার যদি অতিরিক্ত সহায়তার প্রয়োজন হয় আপনি এইচএমআরসি থেকে সাহায্য পেতে পারেন, উদাহরণস্বরূপ যদি আপনার অন্য ফর্মগ্যাটে তথ্যের প্রয়োজন হয় বা ফর্মগুলি পূরণের ক্ষেত্রে সাহায্যের প্রয়োজন হয়। GOV.UK -এ যান এবং 'এইচএমআরসি থেকে সহায়তা নিন অনুসন্ধান করুন যদি আপনার অতিরিক্ত সহায়তার প্রয়োজন হয়'।

ট্যাক্স চেকসংক্রান্ত আরও দিকনির্দেশনার জন্য GOV.UK -তে যান এবং 'ট্যাক্সি, প্রাইভেট হায়ার অথবা স্ক্রাপ মেটাল লাইসেন্সের জন্য একটি ট্যাক্স চেক পূরণ করুন' ('Complete a tax check for a taxi, private hire or scrap metal licence')